কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধান কার্যালয়
বরেন্দ্র ভবন, রাজশাহী-৬০০০
www.bmda.gov.bd

☎ ০২৫-৮৮৮৬২৬৬৮,০২৫-৮৮৮৬৩৭৮৬
ফ্যাক্স : ৮৮-০২৫-৮৮৮৬১৮৯৭
ই-মেইল- : bmdahq@bmda.gov.bd

নম্বর:১২.০৮.০০০০.০০০.০৪৩.৩১.০৫৭১.২২.৩৪৩৬ তারিখ: ১৭/০৫/২০২৬

অফিস আদেশ

বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের রাজশাহী রিজিয়ন হতে পূর্ণ অবসরপ্রাপ্ত সহকারী মেকানিক জনাব মোঃ হাবিবুর রহমান-কে তার অবসরজনিত নিম্নবর্ণিত খাতের পাওনাকৃত অর্থ প্রদানের জন্য এতদ্বারা মঞ্জুর করা হলো।

খাতের নাম	প্রাপ্য টাকার পরিমাণ	স্থগিতযোগ্য টাকা	নীট পরিশোধযোগ্য টাকার পরিমাণ
১	২	৩	(২-৩)=৪
আনুতোষিক (গ্র্যাচুইটি)	১৭,৫৩,৩৪০/-	আনুতোষিক (গ্র্যাচুইটি) হতে ৭.৫% স্থগিতযোগ্য= ১,৩১,৫০০/-	১৬,২১,৮৪০/- (ষোল লক্ষ একুশ হাজার আটশত চল্লিশ) টাকা।

২। প্রাপ্য আনুতোষিকের (গ্র্যাচুইটি) হিসাব (গণনার ভিত্তিতে মাস ও সর্বশেষ মূল বেতন হিসাবে প্রাপ্য) : বর্ণিত কর্মচারী ১৮/১১/১৯৯৫ খ্রি. তারিখ যোগদান করে ২৩/০২/২০২৫ খ্রি. তারিখ অপরাহ্নে কর্তৃপক্ষের চাকুরী হতে অবসর গ্রহণ করেন। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের চাকুরী বিধিমালা/১৯৯৩ এর ৫০ ধারার উপ-ধারা (২) ও (৩) মোতাবেক প্রত্যেক কর্মচারী তাহার পূর্ণ বৎসর বা আংশিক বৎসরের ক্ষেত্রে একশত বিশটি কার্যদিবস বা তদুর্ধ কোন সময়ের জন্য দুই মাসের মূল বেতনের হারে আনুতোষিক (গ্র্যাচুইটি) প্রাপ্য হবেন। উক্ত কর্মচারীর চাকুরীকাল ২৯ বছর ৩ মাস ৬ দিন। তৎপ্রেক্ষিতে তিনি (২৯×২)=৫৮ মাস আনুতোষিক প্রাপ্য হবেন। তার সর্বশেষ মূল বেতন ৩০,২৩০/- টাকা হিসাবে **আনুতোষিক (গ্র্যাচুইটি) বাবদ** প্রাপ্য মোট (৩০,২৩০×৫৮) = **১৭,৫৩,৩৪০/- (সতেরো লক্ষ তিপ্পান্ন হাজার তিনশত চল্লিশ) টাকা প্রদানযোগ্য।**

৩। বিএমডিএ প্রধান কার্যালয় প্রশাসন শাখার মতামত : -

৪। বিএমডিএ প্রধান কার্যালয় হিসাব শাখার মতামত : -

৫। বিএমডিএ প্রধান কার্যালয় অডিট শাখার মতামত : প্রধান কার্যালয়ের ২৪/০২/২০২৫ হতে ২৩/০২/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত সময়ের নিরীক্ষা কাজ কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর কর্তৃক সম্পন্ন না হওয়ায় অত্র দপ্তর স্মারক নং-২১৪৫ তারিখ-২৯/০৩/২০২১ মোতাবেক জারিকৃত আদেশের প্রেক্ষিতে আনুতোষিক (গ্র্যাচুইটি) হতে ৭.৫% টাকা স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হওয়ায় **১,৩১,৫০০/-(এক লক্ষ একত্রিশ হাজার পাঁচশত) টাকা স্থগিতযোগ্য।**

৬। আনুতোষিক (গ্র্যাচুইটি) বাবদ মঞ্জুরী প্রদানকৃত অর্থের বিল সংশ্লিষ্ট দপ্তর হতে প্রস্তুত পূর্বক পরিশোধের জন্য বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী দপ্তরে প্রেরণ করতে হবে। প্রেরিত বিল পরীক্ষান্তে হিসাব শাখা কর্তৃক চেকের মাধ্যমে উক্ত অর্থ পরিশোধ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৭/৫/২০২৬
(এনামুল কাদির)
সচিব (প্রতিকল্প)
বিএমডিএ, রাজশাহী।
টেলিফোন-০২৫৮৮৮৬২৬২৭
ই-মেইল- admin@bmda.gov.bd

১৭/০৫/২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
২। নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী রিজিয়ন, রাজশাহী।
৩। প্রোগ্রামার, বিএমডিএ, রাজশাহী। কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ।
৪। হিসাব নিয়ন্ত্রক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
৫। সহকারী নিরীক্ষা কর্মকর্তা, বিএমডিএ, রাজশাহী।
৬। জনাব মোঃ হাবিবুর রহমান, পূর্ণ অবসরপ্রাপ্ত সহকারী মেকানিক, বিএমডিএ, রাজশাহী রিজিয়ন, রাজশাহী।
৭। ব্যক্তিগত নথি।